দৈনিক বাংলা

তারিখ ... 5 JUL 1996
পৃঃ ৮ কলাম ৪

শিক্ষকদের প্রতি আহবান

# নিরক্ষরতা দূর করতে সামাজিক আন্দোলন গড়ে তুলুন ঃ শেখ হাসিনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরক্ষরতা দূর করতে সারাদেশে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য শিক্ষক সমাজের প্রতি আহবান জানিয়েছেন। খবর বাসস'র।

তিনি বলেন, সরকার একাই এমন এক কঠিন কাজ সুসম্পন্ন করতে পারে না। তাই দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণে আপনাদের সহযোগিতা প্রয়োজন। বাংলাদেশ শিক্ষক ঐক্যপরিষদের একটি প্রতিনিধিদল বৃহস্পতিবার সন্ধ্যায় প্রধানমন্ত্রীর সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে তিনি একথা বলেন।

পরিষদের সভাপতি মুহাম্মদ কামরুজ্জামান প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। প্রতিনিধিদলের মধ্যে বাংলাদেশ শিক্ষক সমিতি, বাংলাদেশ কলেজ, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বাংলাদেশ সহকারী শিক্ষক সমিতি, জাতীয় প্রাইমারী শিক্ষক সমিতি, বাংলাদেশ প্রাইমারী শিক্ষক সমিতি ও সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ ছিলেন।

সমাজ উন্নয়নে শিক্ষকদের ভূমিকার প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, অন্যান্য সামাজিক শক্তির পাশাপাশি তাদের সক্রিয় সহযোগিতা দেশে নিরক্ষরতার হার নিয়ন্ত্রণে আনতে বিরাট সহায়ক হবে।

এ প্রসঙ্গে প্রাথমিক বিদ্যালয়সহ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকার কথা উল্লেখ করে তিনি বলেন, দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণের এই মহান কাজে তারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

এর আগে প্রতিনিধিদলের সদস্যগণ শিক্ষক ও শিক্ষা খাতের বিভিন্ন সমস্যার কথা প্রধানমন্ত্রীকে অবহিত করেন। টেক্সট বইয়ের বিভিন্ন বিকৃত কাহিনী ও ইতিহাস বাদ দিয়ে অবিলম্বে পুনর্লেখনের উদ্যোগ গ্রহণের জন্য তারা প্রধানমন্ত্রীর প্রতি আহবান জানান।

তারা আগামী বাজেটে শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দের জন্য প্রধানমন্ত্রীর প্রতি আহবান জানান। বেসরকারী শিক্ষক ও কর্মচারীদের মূল বেতন বর্তমানের ৮০ শতাংশ থেকে বাড়িয়ে ১০০ শতাংশ করার আহবান জানান।

পরিষদের নেতৃবৃন্দ শিক্ষা ক্ষেত্রকে সহিংসতা ও সন্ত্রাস থেকে মুক্ত রাখতে এবং এই ক্ষেত্রকে ক্রমশ উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যেতে সরকারকে সর্বাত্মক সহযোগিতা দেবেন বলে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আশ্বাস দেন।

শিক্ষকদের সমস্যা ধাপে ধাপে সমাধান করা হবে বলে প্রধানমন্ত্রী প্রতিনিধিদলকে আশ্বাস দেন।